السنّة النبوية وعلومها
www.sunnah.global

# “তোমাদের যে কেউ মসজিদে প্রবেশকালে যেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি সালাম পেশ করে, অতঃপর বলেঃ اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ “হে আল্লাহ্ ! আমার জন্য আপনার রহমতের দরজাসমূহ খুলে দিন

আবূ হুরাইরাহ্ রাদিয়াল্লাহু ‘আনহু হতে বর্ণিত, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, “তোমাদের যে কেউ মসজিদে প্রবেশকালে যেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর প্রতি সালাম পেশ করে, অতঃপর বলেঃ اللَّهُمَّ افْتَحْ لِي أَبْوَابَ رَحْمَتِكَ “হে আল্লাহ্ ! আমার জন্য আপনার রহমতের দরজাসমূহ খুলে দিন এবং বের হওয়ার সময়ও যেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম -এর প্রতি সালাম পেশ করে, অতঃপর বলেঃ اللَّهُمَّ اعْصِمْنِي مِنْ الشَّيْطَانِ الرَّجِيمِ হে আল্লাহ ! আপনি আমাকে বিতাড়িত শয়তান থেকে রক্ষা করুন”। ইমাম হাকিম বলেন, “যখন বের হবে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপর সালাম দিবে এবং বলবে: اللَّهُمَّ أَجِرْنِي مِنَ الشَّيْطَانِ الرَّجِيمِ হেআল্লাহ, আমাদের বিতাড়িত শয়তান হতে মুক্তি দিন”।

[হাসান ] [এটি ইবন মাজাহ ও হাকেম বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মুসলিমকে নির্দেশ দিয়েছেন যে, যখন মসজিদে প্রবেশ করবে তখন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের প্রতি সালাত ও সালাম পাঠাবে: “اللهم صل وسلم على محمد” বলে, তারপর বলবে: “اللهم افتح لي أبواب رحمتك” অর্থাৎ, ‘হে আল্লাহ ! আমার জন্য আপনার রহমতের দরজাসমূহ খুলে দিন।’ মসজিদ থেকে বের হওয়ার সময়ও নবীর প্রতি সালাম দিবে এবং বলবে: "اللهم اعصمني من الشيطان الرجيم" অর্থাৎ, ‘হে আল্লাহ ! আমাকে অভিশপ্ত শয়তান থেকে রক্ষা করো।’ আর হাকিমের বর্ণনায় রয়েছে, সে বলবে: "اللهم أجرني من الشيطان الرجيم" অর্থাৎ, ‘হে আল্লাহ ! আমাকে অভিশপ্ত শয়তান থেকে নিরাপদ রাখো।’

https://sunnah.global/hadeeth/bn/show/65418

النجاة الخيرية
ALNAJAT CHARITY
لجنة الدعوة الإلكترونية
EDC E-Da'wah Committee